SHANTA

Life

সহযোগী বীমা



# শান্তা অ্যাক্সিডেন্টাল কাভারেজ

## অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় - আর্থিক সুরক্ষা

ছোট-বড় দুর্ঘটনা হঠাৎই থামিয়ে দিতে পারে স্বাচ্ছন্দ্যপূর্ণ জীবনের চাকা। এসকল অপ্রত্যাশিত দুর্ঘটনা নিজের ও পরিবারের অর্থনৈতিক ভবিষ্যতকে ঠেলে দেয় অনিশ্চয়তার পথে। শান্তা অ্যাক্সিডেন্টাল কাভারেজ এমন পরিস্থিতিতে আপনাকে দিবে অর্থনৈতিক সুরক্ষা।

যেকোনো দুর্ঘটনায় আর্থিক নিশ্চয়তা প্রদানের জন্য শান্তা অ্যাক্সিডেন্টাল কাভারেজ চারটি ভিন্ন বীমা সুবিধা প্রদান করে :

১ দুর্ঘটনাজনিত চিকিৎসার খরচ

২ দুর্ঘটনায় আংশিক চিরস্থায়ী অক্ষমতায় বীমা

৩ দুর্ঘটনায় পূর্ণাঙ্গ চিরস্থায়ী অক্ষমতায় বীমা

৪ দুর্ঘটনায় মৃত্যুতে মূল পলিসি কাভারেজের দ্বিগুণ সুবিধা (মূল জীবনবীমা কাভারেজসহ)

১ **দুর্ঘটনাজনিত চিকিৎসার খরচ**: এই সহযোগী বীমাটি অপ্রত্যাশিত দুর্ঘটনায় মেডিকেল খরচ সুবিধা দিয়ে থাকে, যেন আপনার সুস্থতার পথে অর্থনৈতিক দুশ্চিন্তা কোনো বাধা হয়ে দাঁড়াতে না পারে।

## শর্তাবলি:

- দুর্ঘটনার ৩০ দিনের মধ্যে দাবি উত্থাপন করতে হবে।
- অবশ্যই কোনো হাসপাতালে ডাক্তার বা রেজিস্টার্ড নার্স কর্তৃক চিকিৎসা গ্রহণ করতে হবে।
- কাভারেজ অ্যামাউন্ট মূল পলিসির ১৫%, সর্বোচ্চ ৫,০০,০০০ টাকার বেশি নয়।

২ **দুর্ঘটনায় আংশিক চিরস্থায়ী অক্ষমতায় বীমা কাভারেজ**: এই সহযোগী বীমা অপ্রত্যাশিত দুর্ঘটনায় নিম্নোক্ত চিরস্থায়ী আংশিক শারীরিক অক্ষমতায় আপনাকে বীমা সুবিধা প্রদান করবে -

| অঙ্গহানির ক্ষেত্র/ধরন | কাভারেজ |
|---|---|
| দু'হাত অথবা দু'পা অথবা দু'চোখের দৃষ্টি লোপ | কাভারেজ অ্যামাউন্ট এর ১০০% |
| এক হাত এবং এক পা | কাভারেজ অ্যামাউন্ট এর ১০০% |
| এক হাত/পা এবং এক চোখের দৃষ্টি লোপ | কাভারেজ অ্যামাউন্ট এর ১০০% |
| দু'কানের শ্রবণশক্তি লোপ | কাভারেজ অ্যামাউন্ট এর ১০০% |
| বাকশক্তি লোপ | কাভারেজ অ্যামাউন্ট এর ১০০% |
| এক হাত/পা | কাভারেজ অ্যামাউন্ট এর ৫০% |
| এক চোখের দৃষ্টি লোপ | কাভারেজ অ্যামাউন্ট এর ৫০% |
| বৃদ্ধাঙ্গুলি ও তর্জনী | কাভারেজ অ্যামাউন্ট এর ২৫% |

৩ **দুর্ঘটনায় পূর্ণাঙ্গ চিরস্থায়ী অক্ষমতায় বীমা কাভারেজ**: এই সহযোগী বীমাটি দুর্ঘটনাজনিত চিরস্থায়ী অক্ষমতায় আর্থিক সুরক্ষা প্রদান করবে।

## শর্তাবলি:

- পর্যবেক্ষণ সময় ১৮০ দিন।
- এই সহযোগী বীমা সুবিধা গ্রহণকালীন গ্রাহকের মৃত্যুতে নমিনিকে অবশিষ্ট কাভারেজ অ্যামাউন্ট এককালীন প্রদান করা হবে।
- রোগী সুস্থ হয়ে উঠলে এই সহযোগী বীমা কাভারেজ আর বলবৎ থাকবে না।

**৪** **দুর্ঘটনায় মৃত্যুজনিত কাভারেজ:** মূল পলিসি কাভারেজের দ্বিগুণ সুবিধা (মূল জীবন বীমা কাভারেজসহ) প্রদান করবে।

## এই সহযোগী বীমাটি কে নিতে পারবে?

১৮ থেকে ৬০ বছর বয়সী যেকোনো সুস্থ ব্যক্তি (অবশ্যই পলিসি গ্রাহক), তবে মেয়াদপূর্তিতে সর্বোচ্চ বয়স ৭০ বছর

## এই সহযোগী বীমাটির মেয়াদকাল কত হবে?

মূল বীমার মেয়াদ অনুযায়ী

## সহযোগী বীমা অ্যামাউন্ট কত হবে?

ন্যূনতম ১,০০,০০০ টাকা থেকে ৫০,০০,০০০ টাকা পর্যন্ত

## প্রিমিয়াম প্রদানের ধরন কেমন হবে?

মূল বীমার প্রিমিয়াম প্রদানের ধরন অনুযায়ী

## প্রিমিয়াম কত টাকা দিতে হবে?

প্রতি ১০০০ টাকা কাভারেজ অ্যামাউন্টের জন্য

| বয়স | প্রিমিয়াম (টাকা) |
| --- | --- |
| ১৮-৫৫ | ৫.৫৭ |
| ৫৬-৬০ | ৬.৬৯ |



# শান্তা ক্রিটিক্যাল প্রটেকশন (CP)

## গুরুতর অসুস্থতায় - আর্থিক সুরক্ষা



অসুস্থতা সবসময়ই অপ্রত্যাশিত। এই অপ্রত্যাশিত মুহূর্তের আর্থিক ধকল সামলানো শুধু আপনার প্রস্তুতিতেই সম্ভব। চিকিৎসা ব্যয়ের পাশাপাশি পারিবারিক ব্যয় যেন আপনার সুস্থতার পথে বাধা হয়ে না দাঁড়ায়, সেজন্য শান্তা লাইফ-এ রয়েছে দুইটি ক্রিটিক্যাল প্রটেকশন রাইডার বা সহযোগী বীমা পরিকল্পনা, যা প্যাকেজভেদে ২৫টি পর্যন্ত জটিল রোগে আপনাকে দেবে আর্থিক নিরাপত্তার নিশ্চয়তা।

## শান্তা ক্রিটিক্যাল প্রটেকশন কেন নিবো?

- এককালীন অর্থ প্রাপ্তি: যা চিকিৎসা ব্যয়ভার লাঘবে সহায়তা করবে।
- সহজ ও স্বল্প প্রিমিয়াম: মূল বীমার সাথে খুব সামান্য প্রিমিয়াম যোগ করলেই এই ক্রিটিক্যাল প্রটেকশন কাভারেজের আর্থিক নিরাপত্তায় থাকবেন।

## এই রাইডারের (সহযোগী বীমা) কয়টি প্যাকেজ আছে?

দুইটি:- ১. ক্লাসিক ২. স্ট্যান্ডার্ড

## কাভারেজ অ্যামাউন্ট কত হবে?

মূল প্ল্যানের ৫০% তবে সর্বনিম্ন ১ লাখ টাকা এবং সর্বোচ্চ ১৫ লাখ টাকা পর্যন্ত

## কোন প্যাকেজে বিস্তারিত কী সুবিধা?

# শান্তা ক্রিটিক্যাল প্রটেকশন - ক্লাসিক

নিচে উল্লিখিত ১৯টি গুরুতর রোগের যেকোনো একটি রোগে প্রথমবার আক্রান্ত হলে অথবা সার্জারির ক্ষেত্রে সহযোগী বীমা কাভারেজ পরিমাণের ১০০% অর্থ এককালীন পরিশোধ করা হয়।

শর্তাবলি:

**অপেক্ষমান সময়কাল: ১৮০ দিন**

**সারভাইভাল সময়কাল: ৩০ দিন**

| Critical Illnesses* |
|---|
| ১. ক্যান্সার (Cancer) |
| ২. হার্ট অ্যাটাক (Myocardial Infarction) |
| ৩. স্ট্রোক (Stroke) |
| ৪. করোনারি-আর্টারি বাইপাস সার্জারি (Coronary Artery Bypass Surgery) |
| ৫. কিডনি ফেইলিউর (Renal Failure) |
| ৬. প্রধান অঙ্গ প্রতিস্থাপন (Major Organ Transplant) |
| ৭. প্যারালাইসিস (Paralysis) |
| ৮. অন্ধত্ব (Blindness) |
| ৯. মাল্টিপল স্ক্লেরোসিস (Multiple Sclerosis) |
| ১০. হার্ট ভালভ প্রতিস্থাপন (Heart Valve Replacement) |
| ১১. অ্যাওর্টিক আর্টারির সার্জারি (Surgery of Aorta) |
| ১২. বেনাইন ব্রেইন টিউমার (Benign Brain Tumor) |
| ১৩. পালমোনারি হাইপারটেনশন (Pulmonary Hypertension) |
| ১৪. আলঝেইমার রোগ (Alzheimer's Disease) |
| ১৫. তৃতীয় মাত্রার দগ্ধ (Third Degree Burns) |
| ১৬. কোমা (Coma) |
| ১৭. শেষ পর্যায়ের ফুসফুসের রোগ (End Stage Lung Disease) |
| ১৮. শেষ পর্যায়ের যকৃতের রোগ (End Stage Liver Disease) |
| ১৯. ফালমিনেন্ট ভাইরাল হেপাটাইটিস (Fulminant Viral Hepatitis) |

*উপরোক্ত গুরুতর রোগের সুনির্দিষ্ট সংজ্ঞা বীমা চুক্তিতে লিপিবদ্ধ থাকবে

# শান্তা ক্রিটিক্যাল প্রটেকশন - স্ট্যান্ডার্ড

এই সহযোগী বীমায় উল্লিখিত ১০টি মাইনর গুরুতর রোগ (মাইনর ক্রিটিক্যাল ইলনেস) ও ১৫টির অধিক গুরুতর রোগ (মেজর ক্রিটিক্যাল ইলনেস) অর্থাৎ মোট ২৫টি রোগের ক্ষেত্রে প্রথমবার আক্রান্ত অথবা সার্জারি করতে হয়, সেক্ষেত্রে শ্রেণিভেদে মোট কাভারেজের অর্থ এককালীন নির্দিষ্ট শতাংশ হারে পরিশোধ করা হয়।

শর্তাবলি:

**অপেক্ষমান সময়কাল: ১৮০ দিন**

**সারভাইভাল সময়কাল: ৩০ দিন**

## মাইনর গুরুতর রোগের (মাইনর ক্রিটিক্যাল ইলনেস) ক্ষেত্রে

ক. নিচে উল্লিখিত ১০টি মাইনর গুরুতর রোগের যেকোনো একটি রোগে যদি আক্রান্ত হন অথবা সার্জারি করতে হয়, সেক্ষেত্রে সহযোগী বীমা কাভারেজের ৩০% টাকা (সর্বোচ্চ ৩ লাখ) এককালীন পরিশোধ করা হয়।

খ. মাইনর ক্রিটিক্যাল ইলনেসের জন্য দাবি পরিশোধের পরও মেজর ক্রিটিক্যাল ইলনেস সুবিধার জন্য পলিসি সক্রিয় থাকবে।

গ. কাভারেজ পিরিয়ডের মধ্যে মাইনর ক্রিটিক্যাল ইলনেসের জন্য দাবি শুধুমাত্র একবার পরিশোধ করা হবে।

| Minor Critical Illnesses* | |
|---|---|
| ১. | সেরিব্রাল শান্ট ইনসার্শন (Cerebral Shunt Insertion) |
| ২. | কার্সিনোমা ইন সিটু (Carcinoma in situ) |
| ৩. | হৃৎপিন্ডের ধমনিতে অ্যাঞ্জিওপ্লাস্টি ও ধমনীর অনান্য চিকিৎসা (Angioplasty and other invasive treatments for coronary artery disease) |
| ৪. | ক্ষুদ্রান্ত্র প্রতিস্থাপন (Small Bowel Transplant) |
| ৫. | কার্ডিয়াক পেসমেকার বা ডিফিব্রিলেটর ইনসারশন (Cardiac Pacemaker or Defibrillator Insertion) |
| ৬. | দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মুখমণ্ডলে অস্ত্রোপচারের মাধ্যমে পুনর্গঠন (Facial Reconstructive Surgery for injury due to accident) |
| ৭. | প্রাথমিক পর্যায়ে পারকিনসন্স রোগ (Early-stage Parkinson’s Disease) |
| ৮. | প্রাথমিক পর্যায়ে আলঝেইমার রোগ (Early-stage Alzheimer’s Disease) |
| ৯. | রিউমাটয়েড আর্থ্রাইটিস (Rheumatoid Arthritis) |
| ১০. | বেনাইন ব্রেন টিউমার (Benign Brain Tumor) |

*উপরোক্ত মাইনর ক্রিটিক্যাল রোগের সুনির্দিষ্ট সংজ্ঞা বীমা চুক্তিতে লিপিবদ্ধ থাকবে

## অধিক গুরুতর রোগের (মেজর ক্রিটিক্যাল ইলনেস) ক্ষেত্রে

- নিচে উল্লিখিত ১৫টি অধিক গুরুতর রোগের যেকোনো একটি রোগে যদি প্রথমবার আক্রান্ত হন অথবা সার্জারি করতে হয়, সেক্ষেত্রে মাইনর গুরুতর রোগের জন্য যদি কোনো অর্থ ইতিমধ্যে পরিশোধ করা হয়ে থাকে তা মোট কভারেজ থেকে বাদ দিয়ে বাকি অর্থ প্রদান করা হবে।

- মেজর ক্রিটিক্যাল ইলনেসের সুবিধার জন্য দাবি নিষ্পত্তি হলে এই সহযোগী বীমা (রাইডার) বন্ধ হয়ে যাবে।

| Major Critical Illnesses* |
|---|
| ১. কিডনি ফেইলিউর (Kidney Failure) |
| ২. ক্যান্সার (Cancer) |
| ৩. স্ট্রোক (Stroke) |
| ৪. প্রধান অঙ্গ প্রতিস্থাপন (Major Organ Transplant) |
| ৫. হার্ট অ্যাটাক (Myocardial Infarction) |
| ৬. মাল্টিপল স্কলেরোসিস (Multiple Sclerosis) |
| ৭. করোনারি আর্টারি বাইপাস সার্জারি (Coronary Artery By-pass Surgery) |
| ৮. প্যারালাইসিস (Paralysis) |
| ৯. অন্ধত্ব (Blindness) |
| ১০. হার্ট ভালভ প্রতিস্থাপন (Heart Valve Replacement) |
| ১১. তৃতীয় মাত্রার দগ্ধ (Third Degree Burns) |
| ১২. অ্যাওর্টিক আর্টারির সার্জারি (Surgery of Aorta) |
| ১৩. শেষ পর্যায়ের ফুসফুসের রোগ (End Stage Lung Disease) |
| ১৪. শেষ পর্যায়ের যকৃতের রোগ (End Stage Liver Disease) |
| ১৫. ফালমিনেন্ট ভাইরাল হেপাটাইটিস (Fulminant Viral Hepatitis) |

*উপরোক্ত মেজর ক্রিটিক্যাল রোগের সুনির্দিষ্ট সংজ্ঞা বীমা চুক্তিতে লিপিবদ্ধ থাকবে

## কারা এই ক্রিটিক্যাল প্রটেকশন নিতে পারবে?

- যেহেতু এটি একটি রাইডার বা সহযোগী বীমা তাই একটি স্বতন্ত্র/মূল বীমা পলিসির সাথে নিতে হয়।
- ১৮ থেকে ৫৫ বছর বয়সী যেকোনো সুস্থ ব্যক্তি এই সহযোগী বীমা ক্রয়ের উপযুক্ত।

## এই সহযোগী বীমার মেয়াদকাল কত দিন হবে?

- ১ থেকে ২০ বছর পর্যন্ত যেকোনো মেয়াদে নেয়া যায়, তবে গ্রহীতার বয়স ৬৫ বছরে উপনীত হলে বা মূল পলিসির প্রিমিয়াম প্রদানকালের সমাপ্তি পর্যন্ত (যেটি আগে ঘটবে) এই সহযোগী বীমাটি সচল থাকবে।

## প্রিমিয়াম প্রদানের ধরন কেমন হবে?

- মূল লাইফ পলিসির প্রিমিয়ামের সাথে প্রযোজ্য প্রিমিয়াম দিতে হবে।
- প্রিমিয়াম প্রদানের ধরন মূল লাইফ পলিসির অনুরূপ হবে (বার্ষিক, অর্ধ-বার্ষিক, ত্রৈমাসিক, এবং মাসিক)।

আপনার শান্তা লাইফ এর বীমা প্যাকেজের সাথে শান্তা ক্রিটিক্যাল প্রটেকশন সহযোগী বীমা যুক্ত করে স্বল্প প্রিমিয়ামে নিশ্চিত করুন গুরুতর অসুস্থতায় আর্থিক নিরাপত্তা।

## উদাহরণস্বরূপ বুঝে নিন আপনার বীমা সুবিধা:

জনাব হাসান ১০ লক্ষ টাকার লাইফ কাভারেজের সাথে ৫ লক্ষ টাকার শান্তা ক্রিটিক্যাল প্রটেকশন- স্ট্যান্ডার্ড কাভারেজটি নিয়েছেন। মেয়াদকালে যদি তার ১০টি মাইনর গুরুতর রোগের মধ্যে কোনো একটি ধরা পড়ে সেক্ষেত্রে তিনি ৫ লক্ষ টাকার ৩০% অর্থাৎ ১.৫ লক্ষ টাকা পাবেন এবং সহযোগী বীমাটি চলমান থাকবে। যদি মেয়াদকালে ১৫টি অধিক গুরুতর রোগের কোনো একটি আবারও জনাব হাসানের ধরা পড়ে সেক্ষেত্রে তিনি বাকি ৩.৫ লক্ষ টাকা পাবেন। যদি তার মাইনর গুরুতর রোগের কোনোটি ধরা না পড়তো তাহলে অধিক গুরুতর রোগের ক্ষেত্রে সম্পূর্ণ ৫ লক্ষ টাকা পেতেন।



# শান্তা লাইফ

আমরা শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি, উদ্ভাবন ও নতুনত্বের মাধ্যমে বীমা খাতের নতুন সংজ্ঞায়নের প্রতিশ্রুতিতে বাংলাদেশের বীমা অঙ্গনের নেতৃত্বদানকারী একটি নাম হিসেবে নিজেদের প্রতিষ্ঠা করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করি।

আমাদের উদ্দেশ্য আপনার জীবনের স্বপ্ন বাস্তবায়নের পথে সহজ ও কার্যকর সুরক্ষা এবং সমাধান প্রদানের মাধ্যমে সবচেয়ে বিশ্বস্ত বীমা কোম্পানি হিসেবে সর্বদা পাশে থাকা। একঝাঁক বৈচিত্র্যপূর্ণ, উদ্যমী ও বুদ্ধিদীপ্ত অভিজ্ঞ পেশাজীবীদের সমন্বয়ে গঠিত আমাদের পরিবার। গ্রাহকের পাশে থাকার প্রত্যয়ের পাশাপাশি একটি দূরদৃষ্টিসম্পন্ন ও সুশাসন দ্বারা পরিচালিত মূলনীতির মাধ্যমে আমরা সবার চেয়ে ভিন্ন ও আস্থাযোগ্য হয়ে উঠার শপথ করি।

SHANTA Life


**শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি**

শান্তা ওয়েস্টার্ন টাওয়ার (লেভেল ১০), ১৮৬ বীর উত্তম মীর শওকত সড়ক,
তেজগাঁও গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮। হটলাইন নম্বর: ০৯৬১০৮৮৯৯০০


